



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৮৩

দেশের উন্নয়ন করার কারণেই জনগণ শেখ হাসিনাকে ভোট দিবে - খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২০ কার্তিক (৫ নভেম্বর):

দেশের মানুষের জন্য উন্নয়ন করার কারণেই জনগণ শেখ হাসিনাকে ভোট দেবে বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার।

আজ শনিবার (৫ নভেম্বর) দুপুরে নওগাঁর নিয়ামতপুর উপজেলার বাহাদুরপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ৮নং বাহাদুরপুর ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

সাধন চন্দ্র মজুমদার বলেন, শেখ হাসিনা উন্নয়নের মাধ্যমে মা-বোনদের মন জয় করেছেন। উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে দেশের মানুষ শেখ হাসিনাকেই আগামী নির্বাচনে বেছে নেবেন।

ঘরে ঘরে বিদ্যুৎ দেয়ার প্রতিশ্রুতি দিয়ে সরকার তা পূরণ করেছে উল্লেখ করে খাদ্যমন্ত্রী বলেন, সরকার ভিজিডি, বয়স্কভাতা, বিধবাভাতা ও প্রতিবন্ধীভাতা দিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছে। বিপদে-আপদে সবসময় প্রধানমন্ত্রী জনগণের পাশে ছিলেন। তিনি জনগণের কথা ভাবেন। তাঁর মতো করে জনগণের কথা কেউ ভাবে না।

তিনি বলেন, আওয়ামী লীগের সময়ে চালু করা কমিউনিটি ক্লিনিক বিএনপি বন্ধ করে দিয়েছিল। জনগণের কথা ভেবে আওয়ামী লীগ সরকার কমিউনিটি ক্লিনিক আবার চালু করে। কমিউনিটি ক্লিনিক থেকে ২৮ ধরনের ওষুধ বিনামূল্যে দেয়া হয়।

বিএনপির সমালোচনা করে খাদ্যমন্ত্রী বলেন, যারা লাঠি নিয়ে মিছিল করছে তাদের অতীত ইতিহাস সবাই জানে। ২০১৪ সালে আশুনি সন্ত্রাসীদের জনগণ প্রত্যাখান করেছিল। এবারও জনগণ তাদের প্রত্যাখান করবে।

বঙ্গবন্ধুর ঘাতকদের বিএনপি বারবার পুরস্কৃত করেছে উল্লেখ করে খাদ্যমন্ত্রী বলেন, এ দেশের মানুষ ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত শুধু বঞ্চনা পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বঞ্চিত এ জাতিকে স্বাধীনতা এনে দিয়েছেন। যখন তিনি ধ্বংস প্রায় দেশকে পুনর্গঠন করার কাজ শুরু করেছিলেন, তখনই তাঁকে হত্যা করে স্বাধীনতারিরোধী ঘাতকচক্র। আর সেই ঘাতকদের সঙ্গে বিএনপির সখ্য।

বাহাদুরপুর ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের সভাপতি হাসানারা বেগম এর সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তৃতা করেন নিয়ামতপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: আবুল কালাম আজাদ, সহ-সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মো: ফরিদ আহমেদ, সাধারণ সম্পাদক মো: জাহিদ হাসান রাসেল।

.....
তৌহিদ/কামাল/রোকন/২০২২/১৪.৩০ঘ.